গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বড়লেখা, মৌলভীবাজার।

# সিটিজেন চার্টার

০১। ভিশন ও মিশন:

**ভিশন:** জেন্ডার সমতা আনয়নে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।

**মিশন:** ব্যাপকভাবে অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ করার লক্ষ্যে প্রয়োজনীয় দক্ষতা ও যোগ্যতা অর্জনে সহায়তাকরণ, আইনি সহায়তা প্রদান এবং অবকাঠামোগত সুযোগ সৃষ্টির দ্বারা নারীদের ক্ষমতায়নের মাধ্যমে জেন্ডার সমতা আনয়ন।

০২। সেবা প্রদান প্রতিশ্রুতি:

| ক্র:নং | সেবার নাম | সেবা প্রাপ্তিরি প্রক্রিয়া | সেবা প্রাপ্তির জন্য প্রয়োজনীয় সময় | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|
| ০১ | সামাজিক নিরাপত্তা বেষ্টনী:<br>(ক) ভিডব্লিউবি কার্যক্রম<br><br>(খ) মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচি | (ক) প্রতি ০২ বৎসরে ১ চক্র। চক্র শেষ হলে প্রত্যেক ইউনিয়নের ক্ষুদ্র দল কর্তৃক বরাদ্দ অনুযায়ী প্রাথমিক তালিকা পর্যালোচনার পর চুড়ান্তভাবে অনুমোদন হয়। অনুমোদিত উপকারভোগী প্রতিমাসে ৩০কেজি গম/চাল পাবে। পাশাপাশি জীবন দক্ষতা মূলক, সচেতনতা বিষয়ক এবং আয়বর্ধক প্রশিক্ষণ দেয়া হয় এবং সঞ্চয় মুখী করা হয়।<br><br>(খ) প্রতি মাসে চাহিদা মোতাবেক দরিদ্র ও কর্মজীবী গর্ভবর্তী মা যাদের ১ম অথবা ২য় গর্ভ (২বার), যাদের বয়স কমপক্ষে ২০ বৎসর তাদের জাতীয় পরিচয়পত্র এবং ডাক্তারী সনদসহ অন লাইনে আবেদনপত্র গ্রহণ পূর্বক উপজেলা কমিটি কর্তৃক চুড়ান্ত অনুমোদন করা হয়। অনুমোদিত ভাতাভোগীরা প্রতিমাসে ৮৫০/-টাকা হারে ভাতা গ্রহণ করেন। | (ক) জুলাই মাস থেকে ১বছর অন্তর পরবর্তী বৎসরের জুন মাস পর্যন্ত।<br><br>(খ) সুবিধাভোগী হওয়ার পর হতে ৩ বৎসর মেয়াদ। প্রতি মাসের ০১ থেকে ২০ তারিখের মধ্যে আবেদন করা যায়। | (ক) সম্পূর্ণ ফ্রি<br><br>(খ) সম্পূর্ণ ফ্রি |
| ০২ | দারিদ্র বিমোচন ও কর্ম সংস্থান সৃষ্টি:<br>(ক) মহিলাদের আত্মকর্ম সংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম | (ক) স্থায়ী বাসিন্দা অথবা যার এই এলাকায় নিজস্ব বশত ভিটা আছে তাদের মধ্য হতে অপেক্ষাকৃত দুঃস্থ মহিলারা আয় বর্ধক কর্মকান্ডের জন্য ৫% সার্ভিস চার্জসহ ২৫০০০- ৭৫০০০/- টাকা পর্যন্ত মাসিক কিস্তিতে পরিশোধ সাপেক্ষে তিনবার পর্যন্ত ঋণ গ্রহণ করতে পারবে। উক্ত ঋণ ১ বৎসর বা ২ বৎসর মেয়াদী হতে পারে। | (ক) বছরে ১ বার ঋণ প্রদান করা হয়। | (ক) সম্পূর্ণ ফ্রি |
| ০৩ | মানব সম্পদ উন্নয়ন ও আত্ম কর্মসংস্থান মূলক:<br>(ক) জিরানী/জিরাবো/ কম্পিউটার প্রশিক্ষণ | (ক)প্রতি ০৩ মাস অন্তর ঢাকায় সাভারের জিরানী/জিরাবো মহিলা প্রশিক্ষণ কেন্দ্র কেন্দ্রে মিসিক ৩০০/- টাকা ভাতা প্রদান সাপেক্ষে থাকা খাওয়া বিনামূল্যে খাদ্য প্রক্রিয়াজাত করন, মাশরুম চাষ, কম্পিউটারসহ নানা বিষয়ে প্রশিক্ষণ প্রাদান করা হয়। | (ক) প্রতি ৩ মাস অন্তর আবেদন করা যায়। | (ক) সম্পূর্ণ ফ্রি |
| ০৪ | জেন্ডার সংবেদনশীল ও সচেতনতামূলক:<br>(ক) যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ<br><br>(খ) নারী ও শিশু পাচার প্রতিরোধ<br><br>(গ) ক্লাব সংগঠিত করে সমাজের ইতিবাচক পরিবর্তনে কিশোর-কিশোরীদের ক্ষমতায়ন কর্মসূচি | (ক) যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ কল্পে এবং এ বিষয়ে সচেতন হওয়ার জন্য বিভিন্ন সভা, সেমিনার, উঠান বৈঠকের মাধ্যমে এলাকার জনগণকে সচেতন করা হয়। যৌতুক দেয়া এবং নেয়া উভয়ে সমান অপরাধী। এ বিষয়ে জনগণকে বুঝানোর চেষ্টা করা হয়। যৌতুকের জন্য শারীরিক নির্যাতন এর অভিযোগ আসলে থানায় অথবা কোর্টে মামলা করার জন্য পরামর্শ দেয়া হয়।সমস্যা হলে উপজেলানারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাধ্যমে অভিযোগ গ্রহণ পূর্বক সমাধান করাহয়।<br><br>(ক)** বাল্য বিবাহ সংক্রান্তঅভিযোগ পেলে স্থানীয়ভাবে প্রতিরোধের জন্য ইউ/পি সদস্য, সদস্যা এবং চেয়ারম্যান কর্তৃক প্রতিরোধের পদক্ষেপ গ্রহণ করা হয়। প্রযোজ্য ক্ষেত্রে মুচলেকা নেয়া হয় এবং প্রশাসনের সহায়তায় জেল জরিমানা করা হয়।<br><br>(খ) নারী ও শিশু পাচার এর বিষয়ে সচেতন হওয়ার জন্য বিভিন্ন সভা, সেমিনার এবং উঠান বৈঠকের মাধ্যমে লোকজনকে সচেতন করা হয়।<br><br>(গ) প্রতি বছর পৌরসভা এবং প্রতিটি ইউনিয়নে ৩০ জন কিশোর-কিশোরীর সমন্বয়ে ০১টি করে কিশোর-কিশোরী ক্লাব গঠন করা হয়। এই ক্লাবের মাধ্যমে কিশোর-কিশোরীরা সংগীত, আবৃত্তিসহ বিভিন্ন খেলাধুলা, বিনোদন মূলক বই পড়া,জীবন দক্ষতা মুলক প্রশিক্ষণ, বিভিন্ন দিবস উৎযাপন,সামাজিক ইস্যুভিত্তিক কার্যক্রম, বিভিন্ন প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে। প্রতি সপ্তাহে ০২দিন বিকালবেলা ০২ ঘন্টা করে ক্লাব খোলা থাকে। | | |
| ০৫ | আর্থসামাজিক উন্নয়ন:<br>(ক) স্বেচ্ছাসেবী মহিলা সংস্থা নিবন্ধন ও নিয়ন্ত্রণ | (ক) সচেতন মহিলাগণ একত্র হয়ে সংস্থা বা সমিতি গঠন করলে তাহার নিবন্ধন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবরে আবেদন করবে। উপজেলা মহিলবিষয়ক কর্মকর্তা সংস্থাটি পরিদর্শন পূর্বক রিপোর্ট সহ রেজিঃ ফি বাবদ টেজারী চালান ও প্রয়োজনীয় কাগজপত্র জেলা কার্যালয়ে প্রেরণের মাধ্যমে নিবন্ধন করা হয়। | (ক) অফিস চলাকালীন সময় | (ক) সম্পূর্ণ ফ্রি |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রাপ্তিরি প্রক্রিয়া | সেবা প্রাপ্তির জন্য প্রয়োজনীয় সময় | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|
| ০৬ | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধঃ<br>(ক) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি<br><br>(খ) দুঃস্থ নারী ও শিশু কল্যাণ তহবিল | (ক) নির্যাতিত নারী ও শিশুদের অভিযোগ গ্রহণ করা হয়। উভয় পক্ষের শুনানী গ্রহণ পূর্বক সমস্যার সমাধান করা হয়। অন্যথায় পরবর্তী ব্যবস্থা গ্রহণের দিক নির্দেশনা দেওয়া হয়।<br><br>(খ) দুঃস্থ নারী ও শিশুদের ডাক্তারী এবং আইনগত সহায়তা প্রদানের লক্ষে উক্ত অফিসের নির্ধারিত ফরমে চেয়ারম্যান সাহেবের সুপারিশ সহ চিকিৎসার জন্য অর্থের প্রয়োজন হলে ডাক্তারী সার্টিফিকেট এবং আইনগত সহায়তার জন্য মামলার প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে। আর্থিক দুর্দশাগ্রস্থ মেধাবী ছাত্রী ও এতিম ছাত্রীদের শিক্ষার জন্য এককালীন আর্থিক সাহায্য প্রদান করা হয়। | (ক) অফিস চলাকালীন সময়<br><br>(খ) প্রতি বৎসর এপ্রিল মাসে উপজেলা মহিলা বিষয়ক অফিসে জমা দিতে হবে | (ক) সম্পূর্ণ ফ্রি<br><br>(খ) সম্পূর্ণ ফ্রি |
| ০৭ | অন্যান্যঃ<br>(ক) অদম্য নারী পুরস্কার<br><br>(খ) আইনগত সহায়তা প্রদান।<br><br>(গ) উঠান বৈঠক।<br><br>(ঘ) বিভিন্ন দিবস উদ্যাপন | (ক) "আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ" এবং ৯ ডিসেম্বর "বেগম রোকেয়া দিবস" উদযাপন উপলক্ষে প্রতি বছর "অদম্য নারী পুরস্কার" কার্যক্রম বাস্তবায়ন করা হয়। তৃণমূল পর্যায়ের বিভিন্ন ক্ষেত্রে সফল নারী তথা অদম্য নারীদের চিহ্নিত করে তাঁদের যথাযথ সম্মান ও স্বীকৃতি প্রদানের উদ্যোগ গ্রহণ।<br><br>(খ) যে সকল অসহায় মহিলাগণ চলতি মামলার খরচ চালাইতে অক্ষম অথবা মামলা করতে অক্ষম সেই সকল মহিলাদের লিগ্যাল এইডের মাধ্যমে আইনগত সহায়তা প্রদান এর পরামর্শ এবং ফরম বিতরণ করা হয়।<br><br>(গ) ইভটিজিং, যৌতুক, বাল্যবিবাহ, জন্ম ও বিবাহ রেজিঃ স্বাস্থ্য সচেতনতা, নারী ও শিশুর অধিকার সম্পর্কে উঠান বৈঠকের মাধ্যমে নারীদেরকে সচেতন করা হয়।<br><br>(ঘ) ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ২৫ নভেম্বর হতে ১০ ডিসেম্বর পর্যন্ত আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ, ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস পালন করা হয়ে থাকে। | (ক) প্রতি বছর সেপ্টেম্বর হতে নভেম্বর মাসের ১৫ তারিখের মধ্যে আবেদন করা যায়। | (ক) সম্পূর্ণ ফ্রি |